



ডিজিটাল জীবনাচরণ  
সংশ্লিষ্ট ওয়েবসাইট  
এবং অ্যাপ ডাউনলোডপূর্বক  
নিবন্ধন ও সেবাগ্রহণ



Digital  
Literacy  
Center



দোস্তু এই ডিজিটাল  
প্রযুক্তি আমাদের জীবন  
কত সহজ করে দিয়েছে  
তাই না?

সহজ তো করেছে। কিন্তু তার  
পাশাপাশি আমাদের সুন্দর  
করাটা বেশি জরুরী বল

আরে সহজ  
মানেই তো  
সুন্দর

না দোস্তু সহজের সাথে সুন্দর তখনই হবে।  
যখন আমরা শুধুমাত্র বিনোদনের জন্য ব্যবহার  
না করে, ডিজিটাল জীবনচরণ সংশ্লিষ্ট  
ওয়েবসাইট এবং অ্যাপ সমূহ ব্যবহার করবো।

মেটা  
কীভাবে?

শোন বর্তমানে কিছু ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা  
প্রদানকারী প্রতিষ্ঠান আকর্ষণীয় ইন্টারনেট  
প্যাকেজ অফার করার পাশাপাশি  
জীবনযাপনের ক্ষেত্রে বিভিন্ন সেবাও দিচ্ছে।

এসব সেবার মধ্যে আছে অনলাইন  
কেনাকাটা অর্থাৎ ই-কমার্স সুবিধা,  
ইন্স্যুরেন্স সুবিধা, শিক্ষার্থীদের জন্য  
পাঠক্রম ও ভাষা শিক্ষাসহ বিভিন্ন ই-লার্নিং  
সুবিধা এবং আরও অনেক কিছু।

bdnews24, prothom alo এরকম আরও  
অনেক পত্রিকার অনলাইন/অফলাইন  
ভার্সনে পাওয়া যাচ্ছে ইন্টারনেট  
লাইফস্টাইল সম্পর্কিত বিভিন্ন টিপস।

এসব সার্ভিস ছাড়াও পেইড আরও অনেক  
সার্ভিস রয়েছে যা ইন্টারনেট জীবনকে  
সহজতর করে তুলছে প্রতিনিয়ত।

দারুন তো!  
তারপর?

তারপর ডিজিটাল লাইফস্টাইলে যেসব সমস্যা হতে পারে, সেসব থেকে বের হওয়ার ব্যাপারে করণীয় সম্পর্কিত তথ্যসহ কেন এবং কিভাবে সাইবার স্পেসে নিরাপদ থাকতে হবে সেসব নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এই ওয়েবসাইটে [www.cirt.gov.bd](http://www.cirt.gov.bd)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম ডিজিটাল বাংলাদেশের সাইবার স্পেস তদারকির কাজে নিয়োজিত।

খুব ভালো  
তারপর?

তারপর নিত্যপ্রয়োজনীয় সব জিনিস কেনাকাটা করার জন্য অনলাইনে কেনাকাটা এখন সহজ থেকে সহজতর হচ্ছে।

বাংলাদেশের কিছু ই-কমার্স ওয়েবসাইট হল [othoba.com](http://othoba.com), [rokomari.com](http://rokomari.com), [bagdoom.com](http://bagdoom.com), [daraz.com.bd](http://daraz.com.bd), [pickaboo.com](http://pickaboo.com), [ajkerdeal.com](http://ajkerdeal.com), [kinbennaki.com](http://kinbennaki.com), [bikroy.com](http://bikroy.com), [packbd.com](http://packbd.com), [kiksha.com](http://kiksha.com), [amikinee.com](http://amikinee.com),

এছাড়া ডাক্তারদের সেবা নেয়া যায় ডক্টর দেখাও, DocTime, লাইফস্প্রিং, Practo, Lybrate, Mfine, Doctor 24x7 ইত্যাদি অ্যাপ এবং ওয়েবসাইট ব্যবহার করে।

এসব অ্যাপ দিয়ে ডাক্তারের সাথে সরাসরি ভিডিও কলের মাধ্যমে কথা বলে, রোগীর অবস্থা জানিয়ে পরামর্শ নেয়া যায়।

এভাবে ডেইলি  
লাইফে ডিজিটাল প্রযুক্তি  
ব্যবহার করা যাবে তা  
আগে ভাবিনি।

হ্যাঁ ডিজিটাল জীবনাচরণ ধীরে  
ধীরে সহজ করার জন্য নতুন নতুন  
সার্ভিস উদ্ভাবন করা হচ্ছে  
প্রতিনিয়ত যা ব্যবহার করে ঘরে  
বসেই সেবা নেয়া সম্ভব হবে।



খুবই  
ভালো হবে। তোকে  
অনেক ধন্যবাদ।

